অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রকল্যান্ড কাউন্টিতে 20 মিলিয়ন মার্কিন ডলারের জোয়ানিও কর্পোরেট সদর দপ্তর এবং গ্রীষ্মকালীন শিক্ষার কেবিনের কাজ সম্পূর্ণ হওয়ার ঘোষণা করলেন

লাইফস্প্যান সেবা প্রদানকারী মধ্য-হাডসন অঞ্চলে 230টি নতুন কর্মসংস্থান তৈরির প্রতিশ্রুতি দিয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে রকল্যান্ড কাউন্টির নিউ সিটিতে 20 মিলিয়ন মার্কিন ডলারের জোয়ানিও (Jawonio) ক্যাম্পাসের কাজ শেষ হয়েছে। প্রকল্পটিতে রয়েছে জোয়ানিওর গ্রীষ্মকালীন শিক্ষা ফ্যাসিলিটির স্থানান্তর এবং কর্পোরেট অফিস ও একটি নতুন কর্মীবাহিনীর প্রশিক্ষণ কেন্দ্রের (Workforce Training Center) জন্য নতুন একটি 70,000 বর্গফুটের ফ্যাসিলিটি নির্মাণ। প্রকল্পটির একটি অংশ হিসেবে, সংগঠনটি 230টি নতুন কর্মসংস্থান তৈরির এবং প্রায় 700 পূর্ণকালীন পদ বহাল রাখার প্রতিশ্রুতি দিয়েছে। নিউ ইয়র্ক স্টেট এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) থেকে 3.3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্যাপিটাল অনুদান দিয়ে এই সম্প্রসারণটিকে সমর্থন করেছে, যা মধ্য-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদ (Regional Economic Development Council, REDC) দ্বারা সুপারিশ করা হয়েছিলো।

"অনেক দশক ধরে, জোয়ানিও মধ্য-হাডসন অঞ্চলে গুরুত্বপূর্ণ সেবা প্রদান করছে যা ব্যক্তিদের জন্য সাফল্যের পথ তৈরি করে দিয়েছে এবং তারা এখন কর্মবাজারে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করতে পারছে," **গভর্নর হোকল বলেন।** "নতুন এই ক্যাম্পাসটি সেই সাফল্যকে বিস্তৃত করছে এবং শৈশব থেকেই প্রাপ্তবয়স্ক হওয়া পর্যন্ত একটি সুবিন্যস্ত অব্যাহত সেবা ও প্রশিক্ষণ প্রদান করবে যা তাদের শুধু অঞ্চলের কর্মসংস্থানের জন্য যোগ্য কর্মী হিসেবে প্রস্তুত করবে না, বরং তাদের প্রতিবন্ধকতা এড়িয়ে সমৃদ্ধি করার ক্ষমতা প্রদান করবে।"

"নিউ সিটিতে জোয়ানিও ক্যাম্পাসের কাজ সম্পূর্ণ হওয়া হাডসন ভ্যালিতে বিকাশগত অক্ষমতাসহ মানুষের জন্য সেবা বৃদ্ধি ও উন্নত করার দিকে একটি দারুণ ধাপ," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "নতুন গ্রীষ্মকালীন শিক্ষা ফ্যাসিলিটি এবং কর্মীবাহিনীর প্রশিক্ষণ কেন্দ্রটি মানুষকে পুরো গ্রীষ্মে সক্রিয় থাকতে সাহায্য করবে এবং বিকাশগত অক্ষমতাসহ আরো বেশি মানুষকে প্রস্তুত হতে ও চাকরি পেতে সাহায্য করবে।"

ইমিডিয়েট পাস্টের (Immediate Past) প্রধান নির্বাহী কর্মকর্তা জিল এ. ওয়ার্নার বলেন, "জোয়ানিওর সম্প্রদায় এবং নিউ ইয়র্ক স্টেটের সরকারি এজেন্সিগুলির সাথে অংশীদারিত্বে কাজ করার দীর্ঘদিনের ইতিহাস রয়েছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এই ক্যাম্পাসের নির্মাণ তহবিলের ক্ষেত্রে মুখ্য ছিলো, এবং আমরা তাদের ধন্যবাদ জানাই। একত্রে কাজ করে, আমরা পৃথিবীকে ভালোর দিকে বদলে দিচ্ছি, একজন একজন করে মানুষকে সাহায্য করে।"

ESD-র প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "আমরা সকল নিউ ইয়র্কবাসীর জন্য চাকরি ও সুযোগ তৈরি করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ, এবং আমরা যাতে তা করে যেতে পারি, জোয়ানিওর নতুন কর্পোরেট সদর দপ্তর, কর্মীবাহিনীর প্রশিক্ষণ ও শিক্ষক ফ্যাসিলিটিসমূহ তা নিশ্চিত করতে সাহায্য করবে। আমরা এই লাইফস্প্যান সেবাদানকারীকে আমাদের প্রতিভার পাইপলাইনে আরো বেশি সমতা গঠনে সমর্থন করতে পেরে গর্বিত, যা এছাড়াও মধ্য-হাডসন অঞ্চল এবং এর বাইরেও অর্থনীতিকে জোরদার করবে।"

নিউ ইয়র্ক স্টেটের বিকাশগত অক্ষমতাসহ মানুষের অফিসের (Office for People With Developmental Disabilities) কমিশনার কেরি নেইফেল্ড বলেন, "বহুল প্রতীক্ষিত এই সুন্দর ক্যাম্পাসের পুনরুজ্জীবনের কাজ শেষ হওয়া এবং এটি সকল বয়সের বিকাশগত অক্ষমতাসহ মানুষের জন্য যেই উন্নত সেবা ও সমর্থন নিয়ে আসবে তা এটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে এদের প্রয়োজন বর্তমানে এবং ভবিষ্যতে মেটানো যায়। আমি বুদ্ধিগত ও বিকাশগত অক্ষমতাসহ মানুষের জন্য সেবা ও সুযোগ বৃদ্ধি করার এই উদ্যোগ সমর্থনের জন্য গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রশংসা করছি।"

প্রকল্পটিতে সংগঠনের 16 একরের ক্যাম্পাসের পুনর্গঠন করা হবে। এই প্রচেষ্টার মধ্যে রয়েছে ভেঙ্গে ফেলা এবং এর নতুন গ্রীষ্মকালীন শিক্ষা কেবিন নির্মাণ, একাধিক সাইট থেকে আইটি ফাংশন একত্রিত করার জন্য একটি নতুন কর্পোরেট সদর দপ্তর নির্মাণ, এবং এর প্রদানকৃত সেবার বিস্তার করা। সংগঠনের প্রাক্তন ক্যাম্পাসটি সেকেলে এবং আজকের স্বাস্থ্যসেবা খাত যেসব সমস্যার সম্মুখীন হয় তা মোকাবেলা করার জন্য অপর্যাপ্ত হয়ে গিয়েছিলো।

জোয়ানিও হাডসন ভ্যালিতে বিকাশগত অক্ষমতা, আচরণগত স্বাস্থ্য সমস্যা, এবং দুরারোগ্য মেডিকেল সমস্যাসহ ব্যক্তিদের জন্য সর্ববৃহৎ লাইফস্প্যান সেবা প্রদানকারী। জোয়ানিওর নতুন সদর দপ্তরে রয়েছে একটি সেবা প্রদানের ফ্যাসিলিটি, যার ফলে সেবার প্রাপক এবং তাদের পরিবার সহজেই এক ছাদের নিচে তাদের দরকারি সেবার সুযোগ পেতে পারে। সদর দপ্তরের নকশা করা হয়েছে কোম্পানির পেশাদার কর্মীবাহিনীর স্থান প্রদানের জন্য, যারা যাচাইকরণ, মূল্যায়ন, প্রশিক্ষণ, চিকিৎসা এবং সুস্থতার কর্মকাণ্ড করে থাকে যাতে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের সম্প্রদায়ে লাভজনক কার্যকরী পেতে এবং নিজেদের সম্পূর্ণ সম্ভাবনা অনুযায়ী জীবনযাপন করতে সাহায্য করা যায়। ভবনটিতে একটি যাচাইকরণ ও মূল্যায়ন এলাকা থাকবে, যেখানে বিশেষ ফোন, আইটি সরঞ্জাম এবং দৃষ্টি ও শ্রবণ প্রতিবন্ধীদের, শারীরিকভাবে বা আচরনগতভাবে প্রতিবন্ধী, বা শিক্ষা ও বিকাশগত অক্ষমতা নিয়ে ভুগতে থাকা ব্যক্তিদের সাহায্য করার প্রয়োজনীয় ব্যবস্থা থাকবে। পাশাপাশি, জোয়ানিও এর সম্পূর্ণ আইটি অবকাঠামোকে শিল্পের শীর্ষস্থানীয় প্রযুক্তি ও সেবা দ্বারা হালনাগাদ করেছে যাতে সংগঠনের বর্তমান ও ভবিষ্যৎ প্রবৃদ্ধির উপযোজন করা যায়।

প্রকল্পের প্রথম পর্যায় - গ্রীষ্মকালীন শিক্ষার কেবিন (Summer Education Cabins) নির্মাণের কাজ 2018 সালের জুলাই মাসে শেষ হয়েছে। কেবিন তিনটি হলো ছয় সপ্তাহের গ্রীষ্মকালীন শিক্ষা কর্মসূচিতে অংশগ্রহণ করা বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য, এবং সকল কেবিন বহু-উদ্দেশ্যের স্থান দ্বারা সজ্জিত করা হয়েছে। প্রকল্পটির দ্বিতীয় পর্যায়, 70,000 বর্গফুটের ফ্যাসিলিটির কাজ 2020 সালের অক্টোবর মাসে শেষ হয়েছে এবং বাহ্যিক ল্যান্ডস্কেপিংয়ের কাজ এই মাসে শেষ হলো।

মধ্য-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের সহপ্রধানগণ, ওয়েস্টচেস্টার বিজনেস কাউন্সিলের (Business Council of Westchester) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মার্শা গর্ডন, এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) অরেঞ্জের প্রেসিডেন্ট ডাঃ ক্রিস্টিন ইয়ং বলেন, "এখানে বিকাশ করার জোয়ানিওর সিদ্ধান্ত রকল্যান্ড কাউন্টির প্রতি এবং স্থানীয় কর্মসংস্থান সৃষ্টি ও কর্মক্ষেত্রে প্রতিবন্ধকতা দূর করার আমাদের একই লক্ষ্যের প্রতি অঙ্গীকারের প্রতিফলন। আমরা গর্বিত যে এই সংগঠনটি মধ্য-হাডসন অঞ্চলকে নিজেদের বাড়ি মনে করে, এবং আমরা এর অব্যাহত সাফল্য দেখতে উন্মুখ।"

স্টেট সিনেটর এলাইজাহ রেইখলিন-মেলনিক বলেন, "75 বছর ধরে, জোয়ানিও বিকাশগত অক্ষমতা বা দুরারোগ্য মেডিকেল সমস্যাসহ শিশু ও প্রাপ্তবয়স্কদের একটি রকল্যান্ডভিত্তিক সেবাদানকারী হিসেবে সাফল্য লাভ করেছে। জোয়ানিওর সাফল্য তাদের শীর্ষমানের কর্মী এবং তাদের মিশনের প্রতি আমাদের সম্প্রদায়ের প্রমাণস্বরূপ। নিউ সিটিতে জোয়ানিওর নতুন সদর দপ্তরের কাজ শেষ হওয়ার আজকের ঘোষণা একটি উদাহরণ যে কীভাবে নিউ ইয়র্ক স্টেট আমাদের অঞ্চলে অত্যাবশ্যকীয় কাজ করতে থাকা অলাভজনক সংগঠনকে সাহায্য করতে পারে এবং তার বদলে, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সুযোগ চালনা করতে পারে।"

অ্যাসেম্বলি সদস্য কেনেথ জেব্রোস্কি বলেন, "জোয়ানিও রকল্যান্ড কাউন্টিতে আমাদের সম্প্রদায়ের একটি অসামান্য গুরুত্বপূর্ণ অংশ, এবং এর নতুন ক্যাম্পাসের কাজ শেষ হওয়ার ফলে এটি নিশ্চিত হবে যে তারা সম্প্রসারণ করতে পারবে এবং তাদের কাজ অব্যাহত রাখতে পারবে। এই প্রকল্পটি শুধু জোয়ানিওকে সেবা সম্প্রসারণ করতে দিবে না, বরং হাডসন ভ্যালিতে শত শত চাকরি তৈরি ও সংরক্ষণ করবে। আমি জোয়ানিওর জন্য অতিরিক্ত তহবিলের পক্ষে অব্যাহতভাবে কথা বলতে পেরে গর্বিত এবং এই প্রকল্পে গভর্নর হোকলের সমর্থনের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য মাইক ললার বলেন, "তাদের 75তম বার্ষিকী উদযাপনের সঠিক সময়ে জোয়ানিওর 20 মিলিয়ন মার্কিন ডলারের রূপান্তর কাজ সম্পূর্ণ হতে দেখে আমি অত্যন্ত খুশি। জোয়ানিও একটি চমৎকার সংগঠন, যা অন্যান্য অলাভজনক সংগঠনের সাথে মিলে রকল্যান্ড এবং অঞ্চলজুড়ে বুদ্ধিগত ও বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তি ও তাদের পরিবারের জন্য দুর্দান্ত সেবা প্রদান করে যাচ্ছে। একত্রে কাজ করে আমরা এই বছরের বাজেটে বুদ্ধিগত/বিকাশগত অক্ষমতা (Intellectual, Developmental Disabilities, I/DD) সম্প্রদায়কে, এবং যারা আমাদের

সর্বাধিক দুর্বল জনগোষ্ঠীকে অতি গুরুত্বপূর্ণ সেবাদানের জন্য নিরলসভাবে কাজ করে তাদের সমর্থন করার জন্য যেই বর্ধিত বিনিয়োগ রেখেছি তা নিয়ে আমি গর্বিত।"

রকল্যান্ড কাউন্টির নির্বাহী এড ডে বলেন, "এটি জোয়ানিওর জন্য একটি দুর্দান্ত খবর, তারা এমন একটি সংগঠন যারা সবসময় অক্ষমতাসহ মানুষের জন্য যথাসম্ভবেরও বেশি কাজ করেছে। আমি আশা করছি যে নতুন ফ্যাসিলিটি জোয়ানিওকে আমাদের সম্প্রদায়ে একটি অমোচনীয় প্রভাব রাখা অব্যাহত রাখতে দিবে।"

ক্লার্কসটাউন টাউন সুপারভাইজার জর্জ হোয়েমান বলেন, "জোয়ানিও পুনর্বিবেচনা এবং পুনরুজ্জীবন প্রকল্পটি সম্ভবত সুপারভাইজার হিসেবে এবং দায়িত্বকালে আমাদের টাউনের সবথেকে গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির একটি ছিলো। নতুন কর্মসংস্থান এবং উন্নত সেবার সুযোগ অগণিত মানুষের জন্য বিশাল পার্থক্য তৈরি করে দিচ্ছে। সুপারভাইজার হওয়ার পূর্বে অক্ষমতার ক্ষেত্রে 20 বছরের বেশি কাজ করার ফলে এই প্রকল্পটি নিয়ে এবং আমাদের টাউন ও অক্ষমতাসহ মানুষের জন্য এটির গুরুত্বের কারণে আমি অত্যন্ত গর্বিত। জড়িত সকলে দারুণ কাজ করেছে এবং গভর্নর ও আঞ্চলিক পরিষদকে বিশেষ ধন্যবাদ, এই প্রকল্পটি সম্পূর্ণ সম্প্রদায়ের জন্য যেই মূল্য নিয়ে এসেছে তা অনুধাবন করার জন্য।"

জোয়ানিও একটি নিবন্ধিত 501C3 সংগঠন যা 1947 সালে রকল্যান্ড কাউন্টির সেরেব্রাল প্যালসি সোসাইটি (Cerebral Palsy Society of Rockland County) হিসেবে সংগঠিত হয়েছিলো, তারা হাডসন ভ্যালিতে লাইফস্প্যান সেবার প্রধান প্রদানকারী যারা বিকাশগত অক্ষমতা, আচরণগত স্বাস্থ্য সমস্যা, এবং দুরারোগ্য স্বাস্থ্য সমস্যাসহ ব্যক্তিদের জন্য আউটপেশেন্ট চিকিৎসা প্রদান করে। 1949 সালে, কোম্পানিটি রকল্যান্ড কাউন্টির অক্ষমতাসহ শিশুদের জন্য প্রথম গ্রীষ্মকালীন ক্যাম্প কর্মসূচি প্রতিষ্ঠা করে। দুই বছর পরে, "ক্যাম্প জোয়ানিও" নামক একটি ওভারনাইট কর্মসূচি অন্তর্ভুক্ত করার জন্য এটিকে সম্প্রসারিত করা হয়। রকল্যান্ড এবং ওয়েস্টচেস্টার উভয় কাউন্টিতে অবস্থিত এই 50 মিলিয়ন মার্কিন ডলারের অলাভজনক সংগঠনটি এর কর্মসূচি সম্প্রসারণ অব্যাহত রেখেছে। আজকে, সেবার মধ্যে অন্তর্ভুক্ত আছে দ্রুত হস্তক্ষেপ, বিশেষ শিক্ষার প্রাকস্কুল, স্কুল বয়সীদের অবকাশ এবং গ্রীষ্মকালীন শিক্ষা। জোয়ানিও প্রাপ্তবয়স্কদের সেবার মধ্যে রয়েছে কমিউনিটি লিভিং ডে হ্যাবিলিটেশন, আচরণগত স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনা, চাকরি এবং ভোকেশনাল সেবা। পাশাপাশি, জোয়ানিও একটি 6 মিলিয়ন মার্কিন ডলারের বাণিজ্যিক পরিষ্করণ ডিভিশন পরিচালনা করে যেখানে 100-র বেশি কর্মচারী রকল্যান্ড ও ওয়েস্টচেস্টার উভয় কাউন্টিতে চুক্তি রয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) হচ্ছে নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা

চালাচ্ছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418